গাংনীতে তিন ওষুধ ব্যাবসায়ীকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে তিনটি ওষুধের দোকানে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের একটি টিম গাংনী উপজেলার কয়েকটি দোকানে অভিযান পরিচালনা করলে তিনটি দোকানে মেয়াদউত্তীর্ণ ওষুধ রাখার অপরাধে জরিমানা করা হয়।

সূত্রে জানাযায়, গাংনী বাজারের সবুজ ফার্মেসীকে ৩ হাজার টাকা, মিঠু ফার্মেসী ৩ হাজার টাকা এবং তহুরা ফার্মের্সীকে ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ।

এসময় ও ওষুধ প্রশাসন বিভাগের (চুয়াডাঙ্গা) সহকারি পরিচালক কে.এম.মুহসীনিন মাহাবুব, উপজেলা নির্বাহী কর্মকর্তা কার্যালয়ের সহকারি সোহরাব হোসেন, গাংনী বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপনসহ গাংনী থানা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ইজিবাইক চালক সমিতির সভাপতি আনারুল ইসলামের জানাযা সম্পন্ন

মেহেরপুরে ইজিবাইক চালক সমিতির সভাপতি আনারুল ইসলাম ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্নইলাহি রাজিউন)।

বুধবার ভোরে ঢাকা সরোওয়ার্দী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।

আনারুল ইসলাম মেহেরপুর ১ নং ওয়ার্ডের শহীদ গফুর সড়কের মৃত দুখু শেখের ছেলে। মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৫৫ বছর।

আনারুল ইসলাম বেশকিছুদিন যাবৎ ক্যান্সারসহ বিভিন্ন ধরনের রোগে ভুগছিলেন। বুধবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

আজ বুধবার সাড়ে বারো টার সময় মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গণে তার জানাযার নামাজ অনুষ্ঠিত হয়। পরে মেহেরপুর পৌর কবরস্থানে তাকে দাফন করা হয়।

সূচকের বড় উত্থানে চলছে লেনদেন

কয়েকদিন দর পতনের পর আজ বুধবার সপ্তাহের চতুর্থ কার্যদিবসে দেশের প্রধান শেয়ার বাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও অপর শেয়ার বাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সূচকের উত্থানের মধ্য দিয়ে লেনদেন চলছে। ডিএসই ও সিএসই সূত্রে এ তথ্য জানা গেছে।

আজ বুধবার লেনদেন শুরুর এক ঘণ্টা পর অর্থাৎ বেলা ১১টায় ডিএসইর সাধারণ সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৩৩ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৫৩১ পয়েন্টে অবস্থান করে। ডিএসই শরীয়াহ সূচক ১১ পয়েন্ট এবং ডিএসই-৩০ সূচক ২০ পয়েন্ট বেড়ে যথাক্রমে ১২৫০ ও ২১০৬ পয়েন্টে রয়েছে। এ সময়ের মধ্যে লেনদেন হয়েছে ২৩৪ কোটি ২৯ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট।

বুধবার এ সময়ে লেনদেন হওয়া কোম্পানিগুলোর মধ্যে দাম বেড়েছে ১২৯টির, কমেছে ৭৫টির এবং অপরির্বতিত রয়েছে ১০১টি কোম্পানির শেয়ার। বেলা ১১টা পর্যন্ত লেনদেনের শীর্ষে থাকা ১০ কোম্পানি হলো- বেক্সিমকো লিমিটেড, রবি, বেক্সিমকো ফার্মা, লংকাবাংলা, মীর আকতার, বিএটিবিসি, এনার্জিপ্যাক, সামিট পাওয়ার, বিডি ফাইন্যান্স ও লার্ফাজহোলসিম।

এর আগে সকালে লেনদেন শুরুর প্রথম ১০ মিনিটে ডিএসইর সূচক বাড়ে ৩৪ পয়েন্ট। এরপর ১০টা ২০ মিনিটে সূচক আগের অবস্থান থেকে ৯ পয়েন্ট কমে যায়। এরপর সূচকের গতি ঊর্ধ্বমুখী দেখা যায়। সকাল ১০টা ৪৫

মিনিটে সূচক আগের দিনের চেয়ে ৪২ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৫৪১ পয়েন্টে অবস্থান করে।

অপরদিকে লেনদেন শুরুর এক ঘণ্টা পর বেলা ১১টায় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) সিএএসপিআই সূচক ৮৯ পয়েন্ট বেড়ে ১৬ হাজার ৮ পয়েন্টে অবস্থান করে। এরপর সূচকের গতি ঊর্ধ্বমুখী দেখা যায়। এদিন বেলা ১১টা পর্যন্ত সিএসইতে লেনদেন হয়েছে ৯ কোটি ৩৬ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট। এসময়ের ৪৪টি কোম্পানির দাম বেড়েছে, কমেছে ৪২টি কোম্পানির দর। অপরিবর্তিত রয়েছে ১৬টি কোম্পানি শেয়ারের দর।

কুয়েতে এমপি পাপুলের শাস্তি বাড়ানোর দাবি জানিয়ে আপিল

কুয়েতের আদালতে চার বছরের সাজাপ্রাপ্ত বাংলাদেশের সংসদ সদস্য শহিদ ইসলাম পাপুলসহ দোষীদের শাস্তি বাড়ানোর দাবি জানিয়ে রায়ের বিরুদ্ধে আপিল করেছে রাষ্ট্রপক্ষ। দেশের জাতীয় নিরাপত্তা বিবেচনায় এই উদ্যোগ নেয়া হয়েছে।

দেশটির আরবী দৈনিক “আল-কাবাস” এই খবর প্রকাশ করেছে।

পাপুলের অবৈধ কাজে সহায়তা করায়, ২৮ জানুয়ারি কুয়েতের ফৌজধারী আদালত দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিবসহ দুই স্থানীয় নাগরিকে চার বছরের কারাদণ্ড ও ৫২ কোটি ৭৭ লাখ ৬৩ হাজার টাকা অর্থ জরিমানা করে।

কুয়েতে পাচারের শিকার পাঁচ বাংলাদেশির অভিযোগের পরিপ্রেক্ষিতে পাপুলের বিরুদ্ধে মানবপাচার, অর্থপাচার ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্মীদের শোষণের মামলা হয়। এরপর ১৭ দিন তাকে রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করে কুয়েতি প্রসিকিউশন।

কুয়েতের দুই সংসদ সদস্যের সহায়তায় এবং কুয়েতি কর্মকর্তাদের সহায়তায় অনৈতিক কর্মকাণ্ড চালিয়ে যান বলে কুয়েতি গণমাধ্যমে সংবাদ

প্রকাশিত হয়।

উল্লেখ্য, এমপি পাপুলকে মানবপাচার, অর্থপাচার ও অবৈধ ঘুষের মামলায় গত ৬ জুন কুয়েতের নিজ বাসা থেকে আটক করা হয়।

সপরিবারে টিকা নিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক

ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ গত রবিবার সপরিবারে ঝিনাইদহ সদর হাসপাতাল হতে করোনা ভাইরাস প্রতিরোধক টিকা গ্রহণ করেন।

তিনি জানান, জনগণের মধ্যে এক ধরনের সংশয় কাজ করছে যেটি আদোও ঠিক নয়। তিনি সদর হাসপাতালে এসে সপরিবারে টিকা গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু। জেলা প্রশাসক জানান প্রধানমন্ত্রী দেশবাসীর জন্য যে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন তা সত্যিই কৃতজ্ঞতার দাবী রাখে। সংশয় মনে না নিয়ে রেজিস্ট্রেশন করে টিকা গ্রহণের পরামর্শ দেন তিনি।

কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কুড়ুলগাছি একাদশ জয়ী

দামুড়হুদা উপজেলার কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০/২১ এর ফাইনাল খেলায় কুতুবপুর একাদশকে হারিয়ে কুড়ুলগাছি একাদশ জয়লাভ করেছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে কুতুবপুর ক্রিকেট মাঠ

প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রথমে টসে জিতে কুড়ুলগাছি একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়। কুড়ুলগাছি একাদশ ব্যাট করতে নেমে নির্ধারিত ১৫ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।

দামুড়হুদার কুড়ুলগাছিতে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মৃত জবেদ আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। জানা গেছে, গতকাল মঙ্গলবার ভোরের দিকে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী অসুস্থতাজনিত কারণে মৃত্যবরণ করেন।

গতকাল মঙ্গলবার দুপুর ২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নেতৃত্বে দর্শনা থানা পুলিশের চৌকস পুলিশ সদস্যরা বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে গার্ড অব অনার প্রদান করেন। গার্ড অব অনার শেষে কুড়ুলগাছি গ্রাম্য কবরস্থানে তাঁর দাফন

সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, বীর মুক্তিযোদ্ধা সাবেক দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আছের উদ্দীন ও দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধারা।

মহেশপুর পৌরসভার আওয়ামী লীগ প্রার্থীর বিশাল গণসংযোগ

পৌরসভা নির্বাচনকে ঘিরে মহেশপুর উপজেলায় চলছে প্রার্থীদের গণসংযোগ।

গতকাল মঙ্গলবার বিকাল ৫ টায় মহেশপুর উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ের সামনে আওয়ামী মেয়র প্রার্থী আব্দুর রশিদ খানের ডাকে সাড়া দিয়ে গণসংযোগে উপস্থিত হন মহেশপুর, কোটচাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, উপজেলা চেয়ারম্যান ময়জুদ্দিন হামিদ,

সাবেক উপজেলা ছাত্রলীগের সভাপতি আসাদুজ্জামান আসাদ, উপজেলা ছাত্রলীগ নেতা রুবেল খান, পৌর ছাত্রলীগের সভাপতি, সম্পাদকসহ সকল স্তরের নেতাকর্মী। সকল নেতাকর্মী একযোগে মহেশপুর পুরো শহর প্রদক্ষিণ করে উপজেলা আওয়ামী লীগ অফিসের সামনে অবস্থান করে। নৌকার প্রার্থী পৌর মেয়র আব্দুর রশিদ খান জানান এলাকার ভোটের পরিবেশ যথেষ্ট সুন্দর।

জীবননগরে তৃতীয় দিনে ১৩০ জনের করোনার টিকা গ্রহণ

করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশব্যাপী শুরু হয়েছে গণ-টিকাদান কর্মসূচি। তারই ধারাবাহিকতায় তৃতীয় দিনের মত গতকাল মঙ্গলবার সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ছিল উৎসব মুখোর পরিবেশ।

জীবননগরে স্বাস্থ্যকর্মী, পুলিশ, সাংবাদিক ও সে¦চ্ছাসেবকসহ উপজেলায় তৃতীয় দিনে ১৩০ জন টিকা গ্রহণ করেছে।

এ নিয়ে জীবননগর উপজেলায় ২০০ জন টিকা গ্রহণ করেছে। এদিকে টিকা নেওয়ার পর প্রত্যেক টিকা গ্রহীতাকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে আধাঘন্টা পর্যবেক্ষণে রাখা হচ্ছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার (আর এমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, গত দুই দিন আগে যাদের টিকা দেওয়া হয়েছে এখনও পর্যন্ত কারও কোন সমস্যা হয়নি আশা করি কোন সমস্যা হবে না। তাছাড়া প্রতিদিন বাড়ছে টিকা গ্রহণ কারীর সংখ্যা ।

জীবননগরে ইট ভাটায় দৃর্বৃত্তদের হামলা

জীবননগর পেয়ারাতলায় গভীর রাতে বিএনপি নেতার ভাই শাহাজানের ইট ভাটায় মুখোশধারী একদল দৃর্বৃত্ত হামলা করেছে। এ সময় দৃর্বৃত্তরা ইট ভাটার অফিসের আসবাবপত্র ভাঙচুর করে ও অগ্নিসংযোগ করে একটি মোটরসাইকেল পুড়িয়ে দিয়েছে।

এছাড়াও ২টি ট্রাক্টর আংশিক খতিগ্রস্থ হয়েছে। গত সোমবার রাত আনুমানিক সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পেয়ারাতলা মা-বাবা ইট ভাটায় এই হামলার ঘটনা ঘটে।

ইট ভাটা শ্রমিকরা জানায়, গত সোমবার রাত অনুমান সাড়ে ৮টার সময় একদল মুখোমধারী দৃর্বৃত্ত ভাটায় প্রবেশ করে তারা প্রথমে অফিস ও অফিসের আসবাবপত্র ভাঙচুর করে। পরে মোটরসাইকেল ও ট্রাক্টরে আগুন ধরিয়ে দেয়। আগুনে একটি মোটরসাইকেল পুড়ে যায় এবং ২টি ট্রাক্টর আংশিক ক্ষতিগ্রস্থ হয়।

ভুক্তভোগী ইট ভাটা মালিক শাহাজাহান জানান, তার বড় ভাই কামরুজ্জামান আসন্ন জীবননগর পৌরসভা নির্বাচনের বিএনপির ধানের শীষের মনোনীত মেয়র প্রার্থী। শাজাহান কবীরের নির্বাচনে কাজ করায় দৃর্বৃত্তরা আমার ব্যবসা প্রতিষ্ঠানে এমন হামলা ও আগুন দিয়েছে।

এ বিষয়ে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পেয়ারতলায় অবস্থিত মা-বাবা ইট ভাটায় কেবা কারা হামলা ও অগ্নি সংযোগের ঘটনা ঘটিয়েছে।

এ বিষয়ে ওই ভাটার মালিক থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছে। কারা এই ঘটনা ঘটিয়েছে তা খুঁজে বের করতে পুলিশ মাঠে কাজ করছে ।